দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 20 OCT 1988 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

067

# পদার্থ ও রসায়নে ৬ জন বিজ্ঞানী নোবেল পুরস্কার পেলেন

ষ্টকহোম, ১৯শে অক্টোবর।– যুক্তরাষ্ট্রের লিয়ন লীডরম্যান, মেলভিন সুয়ার্টজ এবং জ্যাক ষ্টেইনবার্গার যৌথভাবে পদার্থ বিজ্ঞানে ১৯৮৮ সালের নোবেল পুরস্কার পেয়েছেন। অন্যদিকে পশ্চিম জার্মানীর জোহান ডাই-সেনহফার, রবার্ট হুবার ও হার্ট-মুট মিচেল ফটোসিনথেসিস বা আলোক সংশ্লেষণ সংক্রান্ত তাদের কাজের জন্য রসায়ন বিজ্ঞানে

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

## নোবেল পুরস্কার

(১ম পাতার পর)

নোবেল পুরস্কার পেয়েছেন। রয়েল সুইডিশ বিজ্ঞান একাডেমী আজ একথা ঘোষণা করেছে। খবর বিবিসি ও রয়টারের।

একাডেমী জানায়: 'দ্য নিউ-ট্রিনো বীম মেথড এণ্ড দ্য ডেমোনেষ্ট্রেশন অব দ্য ডাউবলেট ষ্ট্রাকচার অব দ্য লীপটনস থ্রো দ্য ডিসকভারী অব দ্য মিউন নিউ-ট্রিনো'র জন্য তিনজন মার্কিন বিজ্ঞানী পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন। এই তিনজন বিজ্ঞানী ৪ লাখ ডলার পাবেন।

একাডেমীর ঘোষণায় বলা হয়: তাদের এই আবিষ্কার বস্তুর অভ্যন্তরীণ কাঠামো এবং গতির ক্ষেত্রে এক নতুন ক্ষেত্র উন্মোচিত করেছে। রসায়ন বিজ্ঞানে নোবেল পুরস্কারপ্রাপ্ত তিনজন পশ্চিম জার্মানীর বিজ্ঞানীও ৪ লাখ ডলার পাবেন।